



যুক্তরাষ্ট্রের শর্ত মেনে নতুন সমঝোতা প্রস্তাব দেবে ইরান: ট্রাম্প



প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ওয়াশিংটনের দাবি পূরণ হয়—এমন একটি প্রস্তাব আনতে পারে ইরান। বার্তা সংস্থা রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে তিনি জানান, তেহরান শিগগিরই একটি প্রস্তাব দেবে, যদিও এর বিস্তারিত এখনো স্পষ্ট নয়।

এর আগে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি ইসলামাবাদ সফরের ঘোষণা দেন। বর্তমানে তার নেতৃত্বে ইরানের প্রতিনিধি দল পাকিস্তানে অবস্থান করছে। একই সময়ে যুক্তরাষ্ট্রের প্রতিনিধিরাও সেখানে পৌঁছানোর পথে রয়েছে। ফলে দুই দেশের মধ্যে নতুন করে কূটনৈতিক তৎপরতা শুরু হওয়ার আভাস মিলছে।

ট্রাম্প আবারও জোর দিয়ে বলেন, সম্ভাব্য যেকোনো চুক্তিতে ইরানকে সমৃদ্ধ ইউরেনিয়াম কর্মসূচি বন্ধ করতে হবে এবং হরমুজ প্রণালিতে তেলবাহী জাহাজ চলাচল অবাধ রাখতে হবে। তবে পাকিস্তানে উপস্থিত থাকলেও ইরান সরাসরি আলোচনার সম্ভাবনা নাকচ করেছে। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, যুক্তরাষ্ট্রের সঙ্গে মুখোমুখি বৈঠকের কোনো পরিকল্পনা নেই। যদিও হোয়াইট হাউস বলছে, সরাসরি আলোচনার সুযোগ এখনও খোলা রয়েছে।